

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা।

[কাস্টমস: অটোমেশন শাখা]


নথি নং- ০৮.০১.০০০০.০৬৬.৩১.০০৯.২০(অংশ-১)/৫০১

তারিখ: ১৭.১১.২০২২ খ্রি.

বিষয়: কর্ণফুলী ইপিজেড এবং কোরিয়ান ইপিজেড- এর অফিস কোড পৃথকীকরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বর্তমানে কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম- এর অধীন চিটাগাং এক্সপোর্ট প্রসেসিং জোন (সিইপিজেড), অফিস কোড- ৩০৩ এর আওতায় বন্ডেড প্রতিষ্ঠানসমূহের শুষ্কায়ন কার্যক্রম সম্পন্ন হচ্ছে। অর্থাৎ অফিস কোড- ৩০৩ দ্বারা সিইপিজেড, কর্ণফুলী ইপিজেড এবং কোরিয়ান ইপিজেড- এর শুষ্কায়ন কার্যক্রম সংঘটিত হচ্ছে। কাস্টমস সংক্রান্ত কার্যক্রম যথাযথভাবে প্রতিপালন এবং বিভিন্ন ধরনের সমস্যা সঠিকভাবে চিহ্নিতকরণের লক্ষ্যে উক্ত দপ্তরসমূহের আলাদা আলাদা অফিস কোড হওয়া বাঞ্ছনীয়।

০২। আমদানি-রপ্তানি প্রক্রিয়ার স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার স্বার্থে কর্ণফুলী ইপিজেড- এর অফিস কোড- ৮০৫ এবং কোরিয়ান ইপিজেড এর অফিস কোড- ৮০৬ ব্যবহার করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। আগামী ১৫.১২.২০২২ খ্রি. তারিখ হতে কর্ণফুলী এবং কোরিয়ান ইপিজেড এর সকল ধরনের শুষ্কায়ন কার্যক্রম বর্ণিত অফিস কোড ব্যবহারের মাধ্যমে সম্পাদন করার প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং সংশ্লিষ্ট সকল অংশীজনদের অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


17.11.2022

[রাবিবুল হাসান]

প্রথম সচিব

জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

ফোন- ০২-৪৮৩১৮১২০-৬/এক্স- ৪১১

ই-মেইল-ss.asycuda@gmail.com

কার্যার্থে:

১। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।

২। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম।

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। এক্সিকিউটিভ চেয়ারম্যান, বাংলাদেশ এক্সপোর্ট প্রসেসিং জোন অথরিটি (বেপজা), ঢাকা;

২-৬। কমিশনার অব কাস্টমস, কাস্টম হাউস, ঢাকা/বেনাপোল/আইসিডি/মোংলা/পানগাঁও;

৭-১৫। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট [ঢাকা (পশ্চিম)/ ঢাকা (উত্তর)/সিলেট/কুমিল্লা/ রাজশাহী/

রংপুর/ যশোর/ খুলনা/ চট্টগ্রাম];

- ১৬-১৭। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ঢাকা (উত্তর);
- ১৮। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা;
- ১৯। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা;
- ২০। মহাব্যবস্থাপক/উপ মহাব্যবস্থাপক, ফরেন এক্সচেঞ্জ ডিপার্টমেন্ট, বাংলাদেশ ব্যাংক, ঢাকা;
- ২১। মহাব্যবস্থাপক/উপ মহাব্যবস্থাপক, ইনফরমেশন টেকনোলজি ডিভিশন, সোনালী ব্যাংক লিমিটেড, ঢাকা (৮০৫ এবং ৮০৬ অফিস কোডে ই-পেমেন্ট ব্যবস্থা চালুকরণের অনুরোধসহ);
- ২২। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২৩। জনাব গোলাম ছারোয়ার, প্রোগ্রামার (কাস্টমস: অটোমেশন) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (অফিস কোড কনফিগারেশনের অনুরোধসহ);
- ২৪। পিএ টু সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ২৫-৩০। সভাপতি, সিএন্ডএফ এজেন্টস এসোসিয়েশন, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/আইসিডি/মোংলা/পানগাঁও।